তারিখ 09 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 2

কালের কণ্ঠ

# উত্তরা ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক সম্মেলন

রাজধানীর উত্তরা ইউনিভার্সিটি আয়োজিত 'রবীন্দ্রনাথের শিক্ষা-ভাবনা' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন শেষ হয়েছে। উত্তরা ইউনিভার্সিটি (বাংলাদেশ), রবীন্দ্র চর্চাকেন্দ্র, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় (ভারত) ও বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে এ সম্মেলন শনিবার উদ্বোধন হয়।

সমাপণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক মন্ত্রী অ্যাডভোকেট সাহারা খাতুন এমপি। উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমিন আরার সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মেসবাহ কামাল, পিকিং ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. চাং শিং, টোকিও ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. মসাহিকো টোগাওয়া, অধ্যাপক ড. রফিকউল্লাহ খান, অধ্যাপক ড. রতন সিদ্দিকী, ভারতের অধ্যাপক মুনমুন বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক মহুয়া মুখোপাধ্যায় প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।